

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৮.১৯/৬৭৬৬/২

তারিখ : ৩০/১২/২০১৯ খ্রি.

বিষয় : ঢাকা জেলার সাভার মডেল কলেজের অধ্যক্ষ জনাব তৌহিদ হোসেনকে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৬১ তারিখ : ০২/০৪/২০১৯ খ্রি.  
(২) ৭ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাভার মডেল কলেজ, ঢাকার অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ মন্ত্রণালয়ের ০২/০৪/২০১৯ খ্রি. তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক মাউশি থেকে তদন্ত করা হয়।

তদন্ত কর্মকর্তা প্রতিবেদন : সাভার মডেল কলেজের অধ্যক্ষ জনাব তৌহিদ হোসেন বিরুদ্ধে দেশের বিভিন্ন নিম্ন ও উচ্চ আদালতে ফৌজদারী মামলা চলমান আছে। বিভিন্ন সময়ে বিভিন্ন মামলায় তিনি গ্রেফতার হয়ে কারাবরণ করেন এবং অনেক মামলায় তিনি নিম্ন ও উচ্চ আদালত হতে জামিনে মুক্তি লাভ করেন। জামিনপ্রাপ্ত মামলাগুলোতে তিনি নিয়মিতভাবে হাজিরা দিয়ে আসছেন। অনেক মামলা বর্তমানে বিচারাধীন। বিভিন্ন ফৌজদারী মামলায় গ্রেফতার হয়ে কারাগারে গমন, তার বিরুদ্ধে বিভিন্ন ফৌজদারী মামলা চলমান থাকা এবং প্রচলিত বিধি মোতাবেক বর্ণিত অধ্যক্ষকে সাময়িক বরখাস্ত করার নির্দেশনা থাকলেও সংশ্লিষ্ট গভর্নিং বডি তাকে সাময়িক বরখাস্ত করেন নাই। এমনকি বিধি মোতাবেক কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করেন নাই এবং তাঁর জেলহাজতে থাকাকালীন সময়কে ছুটি দেখানোর মাধ্যমে সমন্বয় করা প্রচলিত আইন ও বিধি সুস্পষ্ট লঙ্ঘন।

মাউশির আইন শাখার মতামত : অধ্যক্ষ, জনাব তৌহিদ হোসেন ফৌজদারী মামলার কারণে গ্রেফতার হওয়ায় তাকে সাময়িক বরখাস্ত করার জন্য কলেজের সভাপতিকে পত্র দেয়া যায়।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন এবং আইন শাখার মতামত অনুসারে সাভার মডেল কলেজের অধ্যক্ষ জনাব তৌহিদ হোসেন কে সাময়িক বরখাস্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ALC ১৪ 30.12.19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

সভাপতি, গভর্নিং বডি  
সাভার মডেল কলেজ  
সাভার, ঢাকা।

বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- (২) সংরক্ষণ নথি।